**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) বিশ্ব কিভাবে আগামীদিনে কৃত্রিম বুদ্ধিমত্তাকে ব্যবহার করবে তার গতিপথের দিশা দেখিয়েছে AI ইমপ্যাক্ট সম্মেলন, বলেছেন- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।**

**(২) প্রাথমিক ও উচ্চ বুনিয়াদি স্তরে ২০৫৬ জন শিক্ষক নিয়োগের জন্যে আগামীকাল থেকে টেট উত্তীর্ণদের মেধা যাচাই প্রক্রিয়া শুরু হবে।**

**(৩) ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশন আয়োজিত প্রথম স্টেট গেমস-এর আনুষ্ঠানিক সূচনা করলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা।**

*******************************************************

**Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গর্ব প্রকাশ করে বলেন, ভারত AI ইমপ্যাক্ট সম্মেলন আগামীদিনে বিশ্ব কিভাবে কৃত্রিম বুদ্ধিমত্তাকে ব্যবহার করবে তার গতিপথের দিশা দেখিয়েছে। আজ আকাশবানীর মন কি বাত-এর ১৩১তম পর্বে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী উল্লেখ করেন দিল্লির ভারত মন্ডপমে বিভিন্ন দেশের নেতৃত্ব, শিল্পপতি এবং স্টার্টআপ ক্ষেত্রের সাথে যুক্ত ব্যক্তিরা এই AI সম্মেলনে উপস্থিত ছিলেন। এই সম্মেলনে উপস্থিত বিশ্ব নেতৃত্ব এবং বিভিন্ন কারিগরি ও প্রযুক্তি ক্ষেত্রে কার্যনির্বাহী আধিকারিকদের সাথে তিনি দেখা করার সুযোগ পেয়েছেন বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

##########PM Byte##########

মন কি বাতে প্রধানমন্ত্রী কেরালা ১০ মাস বয়সী শিশু কন্যা আলিন শেরিনের উল্লেখ করেন। আলিনের মৃত্যুর পর তার পিতামাতা অঙ্গদানের সিদ্ধান্ত নেন। প্রধানমন্ত্রী তাদের চিন্তার উদারতা এবং ব্যক্তিত্বের দৃঢ়তার উল্লেখ করে বলেন দেশে মরণোত্তর অঙ্গদানের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি পাচ্ছে।

আগামীকাল রাষ্ট্রপতি ভবনে রাজাজি উৎসব উদযাপনের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ব্রিটিশ স্থপতি এডউইন লুটইয়েনস এর মূর্তিটি সরিয়ে এই স্থানে স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল সি. রাজা গোপালাচারীর মূর্তি বসানো হবে।

প্রধানমন্ত্রী দেশে ডিজিটাল অ্যারেস্ট এবং ডিজিটাল প্রতারণার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেন। তিনি মন কি বাত-এর শ্রোতাদের এ ব্যাপারে সতর্ক থাকার কথা বলেন। প্রধানমন্ত্রী গুরুত্ব আরোপ করে বলেন KYC অথবা Re-KYC একমাত্র ব্যাংকের শাখা, অফিসিয়াল অ্যাপ বা অন্যান্য প্রামান্য মাধ্যমে করা প্রয়োজন। তিনি জনগনকে OTP, আধার নম্বর বা ব্যাংকের তথ্য অন্যদের সাথে শেয়ার না করার জন্য বলেন|

পরীক্ষা যোদ্ধাদের জন্য প্রধানমন্ত্রী আশা প্রকাশ করে বলেন যে তারা পরীক্ষার জন্য সার্বিক প্রস্তুতি নিচ্ছে এবং কোন মানসিক চাপ নিচ্ছে না। প্রধানমন্ত্রী দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন পরীক্ষার্থীরা আসন্ন পরীক্ষায় সাফল্য পাবে এবং জীবনে সফল হবে।

প্রধানমন্ত্রী দেশবাসীকে পবিত্র রমজান মাসের শুভেচ্ছা জানান। আসন্ন হোলি উৎসব উপলক্ষেও প্রধানমন্ত্রী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন| উৎসবের সময় প্রধানমন্ত্রী ‘ভোকাল ফল লোকালে’র উল্লেখ করে স্বদেশী পণ্য ক্রয় করার উপর গুরুত্ব আরোপ করেন।

*****************************

**CM- Maan ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত দেশের নাগরিকদের ক্রমাগত তথ্য প্রদান এবং শিক্ষিত করে তুলছে, বলেছেন- মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা| আজ মোহনপুরের মুকাম পাড়া জুনিয়র জে বি স্কুলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত অনুষ্ঠান শোনার পর মুখ্যমন্ত্রী একথা বলেন| তিনি বলেন, মন কি বাতের মাধ্যমে প্রধানমন্ত্রী সামাজিক ও অর্থনৈতিক বিষয়ে নাগরিকদের সচেতন করে তুলছেন|

****************************

**TET–SELECTION:**

রাজ্য সরকার প্রাথমিক ও উচ্চ বুনিয়াদি স্তরে ২০৫৬ জন শিক্ষক নিয়োগের জন্য সিদ্ধান্ত নিয়েছে। এই নিয়োগের লক্ষ্যে টেট-ওয়ান এবং টেট-টু'র সর্বশেষ পরীক্ষায় উত্তীর্ণদের মেধা তালিকা প্রস্তুত করার জন্য শিক্ষা দপ্তরের পক্ষ থেকে টিচার্স রিক্রুটমেন্ট বোর্ডকে অনুরোধ জানানো হয়েছে। সে পরিপ্রেক্ষিতে বোর্ড টেট-ওয়ান এবং টেট-টু পরীক্ষায় উত্তীর্ণদের মেধা তালিকা যাচাইয়ের প্রক্রিয়া আগামীকাল থেকে শুরু করবে। বোর্ডের পক্ষ থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, আগামীকাল তেইশে ফেব্রুয়ারি বিকেল চারটা থেকে ২৬শে ফেব্রুয়ারি বিকেল চারটা পর্যন্ত টেট উত্তীর্ণরা মেধা যাচাই প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদন করতে পারবেন। টিচার্স রিক্রুটমেন্ট বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে অনলাইনে আবেদনের পদ্ধতি সম্পর্কে বিস্তারিত উল্লেখ করা হয়েছে।

বুনিয়াদি শিক্ষা দপ্তরের অধীনে মোট ২,০৫৬টি শূন্য পদের মধ্যে আন্ডার গ্র্যাজুয়েট শিক্ষক নিয়োগ করা হবে ১,০৩৬ জন। তার মধ্যে সাধারণ ক্যাটাগরির ৫৩৪, তফসিলি জাতি সংরক্ষিত ১৬৩ এবং তফসিলি উপজাতি সংরক্ষিত শূন্য পদ ৩৩৯টি। আন্ডার গ্র্যাজুয়েট শিক্ষকের মোট শূন্য পদের মধ্যে বিশেষভাবে সক্ষম প্রার্থীদের জন্য ৪৩টি এবং এক্স সার্ভিস ম্যান

ক্যাটাগরিতে ২২টি পদ সংরক্ষিত থাকবে। গ্র্যাজুয়েট টিচারের মোট শূন্যপদ ১,০২০টি। তার মধ্যে সাধারণ ক্যাটাগরির ৫০৭টি, তপশিলি জাতি সংরক্ষিত ১৫৪টি এবং তফশিলি উপজাতি সংরক্ষিত শূন্য পদ ৩৬৯টি। গ্র্যাজুয়েট টিচারের মোট শূন্য পদের মধ্যে বিশেষভাবে সক্ষম প্রার্থীদের জন্য ৪২টি এবং এক্স সার্ভিস ম্যান ক্যাটাগরিতে ২৩টি পদ সংরক্ষিত থাকবে।

*****************************

**Meerut-Nomo Corridor:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দিল্লি মীরাট নমো ভারত রেলপথ করিডোরের উদ্বোধন করেন। আজ দুপুরে প্রধানমন্ত্রী মীরাটের শতাব্দী নগর নমো ভারত স্টেশনে পতাকা নেড়ে ৮২ কিলোমিটার দীর্ঘ এই প্রকল্পের উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী মীরাট সাউথ স্টেশন পর্যন্ত রেল ভ্রমণও করেন। এছাড়া প্রধানমন্ত্রী মীরাটে ১২,৯৩০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করে তা দেশবাসীর উদ্দেশ্যে উৎসর্গ করেন। প্রধানমন্ত্রী বলেন, এই প্রকল্পগুলি বিকশিত উত্তর প্রদেশ এবং বিকশিত ভারতকে আস্বস্ত করবে।

*****************************

**State Games:**

ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশন আয়োজিত প্রথম স্টেট গেমস-এর আজ সূচনা হলো। বাধারঘাটের দশরথ দেব স্টেডিয়ামে স্টেইট গেমস-এর আনুষ্ঠানিক সূচনা করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী প্রথমবারের মতো আয়োজিত তিনদিন ব্যাপী এই গেমসের সাফল্য কামনা করেন। তিনি বলেন, আগামী দিনে এই আসর থেকে খেলোয়াড় বেরিয়ে আসবে যারা রাজ্য ও দেশের নাম উজ্জ্বল করবে। অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, আগরতলা পুর নিগমের মেয়র তথা

বিধায়ক দীপক মজুমদার, বিধায়ক মিনারানী সরকার প্রমুখ উপস্থিত ছিলেন। রাজ্যের বিভিন্ন প্রান্তে মোট ১৮টি ইভেন্টে পুরুষ ও মহিলাদের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

*****************************

**Condolence:**

ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের প্রাক্তন সভাপতি তথা প্রতিষ্ঠাতা সদস্য বরিষ্ঠ ক্রীড়া সাংবাদিক প্রয়াত তপন চক্রবর্তীর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আজ এক স্মরণসভা অনুষ্ঠিত হয়। ক্লাবের প্রাঙ্গণে এই সভায় প্রয়াতের কর্মজীবনের নানা দিক নিয়ে স্মৃতিচারণ করা হয়। স্মৃতিচারণ করেন প্রাক্তন জাতীয় রেফারি বাদল চক্রবর্তী, ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের সভাপতি সরযূ চক্রবর্তী, সিনিয়র সদস্য মনিময় রায়, দীপঙ্কর দাস, সুপ্রভাত দেবনাথ প্রমুখ।

*****************************

*****************************